

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৫৪৯

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৪৭. জামা আত পরিত্যাগের ব্যাপারে সাবধান বাণী

باب فِي التَّشْدِيدِ فِي تَرْكِ الْجَمَاعَةِ

আরবী

حَدَّثَنَا النُّفَيْلِيُّ، حَدَّثَنَا أَبُو الْمَلِيحِ، حَدَّثَنِي يَزِيدُ بْنُ يَزِيدَ، حَدَّثَنِي يَزِيدُ بْنُ الأَصَمِّ، سَمِعْتُ أَبًا هُرَيْرَةَ، يَقُولُ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " لَقَدْ هَمَمْتُ أَنْ آمُرَ فِتْيَتِي فَيَجْمَعُوا حُزَمًا مِنْ حَطَبٍ ثُمَّ آتِي قَوْمًا يُصَلُّونَ فِي بُيُوتِهِمْ لَيْسَتْ بِهِمْ عِلَّةٌ فَأُحَرِّقُهَا فَيَجْمَعُوا حُزَمًا مِنْ حَطَبٍ ثُمَّ آتِي قَوْمًا يُصَلُّونَ فِي بُيُوتِهِمْ لَيْسَتْ بِهِمْ عِلَّةٌ فَأُحَرِّقُهَا عَلَيْهِمْ ". قُلْتُ لِيَزِيدَ بْنِ الأَصَمِّ يَا أَبَا عَوْفِ الْجُمُعَةَ عَنَى أَوْ غَيْرَهَا قَالَ صَمُمَّتَا أُذُنَاىَ إِنْ لَمُ أَكُنْ سَمِعْتُ أَبًا هُرَيْرَةَ يَأْثِرُهُ عَنْ رَسُولِ اللهِ صلى الله عليه وسلم مَا ذَكَرَ جُمُعَةً وَلَا غَيْرَهَا .

صحيح دون قوله: (لَيْسَتْ بِهِمْ عِلَّةٌ)

বাংলা

৫৪৯। আবৃ হুরাইরাহ্ (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ আমার ইচ্ছা হয়, আমি আমার যুবকদের লাকড়ির বোঝা জমা করার নির্দেশ দেই, অতঃপর যারা কোন কারণ ছাড়াই নিজ নিজ ঘরে সালাত আদায় করে, সেগুলো দিয়ে তাদের ঘর জ্বালিয়ে দেই। বর্ণনাকারী বলেন, আমি ইয়াযীদ ইবনুল আসাম্মকে বললাম, হে আবৃ 'আওফ! রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম জামা'আত বলতে কি জুম্মার কথা বুঝিয়েছেন? তিনি বলেন, আমার দু' কান বধির হোক, যদি আমি আবৃ হুরাইরাহ্ (রাঃ) থেকে না শুনে থাকি। তিনি স্বয়ং রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম থেকে বর্ণনা করেছেন। তিনি (নির্দিষ্টভাবে) জুমু'আহ্ বা অন্য কিছুর উল্লেখ করেনিন।[1]

সহীহ: (أَيْسَتْ بِهِمْ عِلَّةٌ) কথাটি বাদে।

English



Abu Hurairah reported the Messenger of Allah (ﷺ) as saying:
I thought about giving orders to some youths for gathering a bundle of firewood, then going off to some people who their prayers in their homes without any excuse, and burning down their houses over them.

I (Yazid b. Yazid) said: I asked Yazid b. al-Asamm: Abu 'Awf did he mean Friday (prayer) or any other? He replied: may my ears become deaf if I have not heard Abu Hurairah narrating it from the Messenger of Allah (May peace be upon him); He did not mention Friday (prayer) or any other.

ফুটনোট

[1] তিরমিয়া (অধ্যায়ঃ সালাত, অনুঃ যে ব্যক্তি আযান শুনে তাতে সাড়া দিলো না, হাঃ ২১৭, ইমাম তিরমিয়া বলেন, আবৃ হুরাইরাহর হাদীসটি হাসান সহীহ), আহমাদ (২/৪৭২, ৫৬৯) যায়িদ ইবনু আসাম্ম সূত্রে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন